সমকাল

তারিখ ৩০ AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

কালের কণ্ঠ

তারিখ ৩০ AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

বেসরকারি মেডিক্যালে ভর্তি ব্যয়

# ১৯ লাখ ৯০ হাজার টাকা নির্ধারণ করে প্রজ্ঞাপন কেন অবৈধ নয় মর্মে রুল

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি মেডিক্যাল ও ডেন্টাল কলেজে এমবিবিএস ও বিডিএস কোর্সে প্রথম বর্ষে ভর্তি ব্যয় সর্বমোট ১৯ লাখ ৯০ হাজার টাকা নির্ধারণ করে জারি করা সরকারের প্রজ্ঞাপন কেন অবৈধ ঘোষণা করা হবে না—তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

বিচারপতি এম. ইনায়েতুর রহীম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেনের হাইকোর্ট বেঞ্চ গতকাল মঙ্গলবার এই রুল জারি করেন। স্বাস্থ্যসচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি), ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও কলেজের পরিচালনা পর্ষদকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজে অধ্যয়নরত ইশরার বিনতে ইউনুছের বাবা সুপ্রিম কোর্টের আইনজীবী ড. ইউনুছ আলী আকন্দের করা এক রিট আবেদনে এ আদেশ দেওয়া হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বেসরকারি মেডিক্যাল ও ডেন্টাল কলেজে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির বিষয়ে ২০১৪ সালের ২৬ অক্টোবর একটি প্রজ্ঞাপন জারি করে। তাতে বলা হয়, ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে বেসরকারি মেডিক্যাল ও ডেন্টাল কলেজে এমবিবিএস ও বিডিএস কোর্সে প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তি ফি সরকার নিম্নরূপভাবে নির্ধারণ করেছে : ১. ভর্তি ফি ১৩ লাখ ৯০ হাজার, ২. ইন্টার্নি ভাতা এক লাখ ২০ হাজার, ৩. টিউশন ফি চার লাখ ৮০ হাজার টাকা। সর্বমোট ১৯ লাখ ৯০ হাজার টাকা। প্রজ্ঞাপনে আরো বলা হয়, ভর্তির সময় জমাকৃত ইন্টার্নি ভাতা এক লাখ ২০ হাজার টাকা ইন্টার্নশিপ চলাকালীন লভ্যাংশসহ ছাত্র/ছাত্রীদের ফেরত দিতে হবে। ওই প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে রিট আবেদন করা হয়।

আদেশের পর ইউনুছ আলী আকন্দ সাংবাদিকদের জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৯৭ সালের ৭ জানুয়ারি শর্তসাপেক্ষে ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজকে শিক্ষার্থী ভর্তির অনুমতি দেয়। ওই শর্তের ৬ নম্বর ধারায় বলা আছে, ভর্তির সময় কোনো ছাত্র/ছাত্রীর কাছ থেকে উন্নয়ন ফি হিসেবে ৫০ হাজার টাকার অধিক নেওয়া যাবে না। এ ছাড়া ৭ নম্বর ধারায় বলা আছে, প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্র/ছাত্রীদের কাছ থেকে মাসিক বেতন হিসেবে এক হাজার ২০০ টাকার বেশি নেওয়া যাবে না। কিন্তু ওই শর্ত মানছে না ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর